গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী
ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com
Facebook page : Feni Govt. College, Feni.

তারিখ : ০১/০১/২০২৪ খ্রি.

# ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

**নিম্নে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল ঃ**

| ক্রমিক নং | বিষয় | জমাদানের তারিখ | বার |
|---|---|---|---|
| ১ | বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস,ইতিহাস,দর্শন | ১৪/০১/২০২৪ | রবিবার |
| ২ | রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম,অর্থনীতি, পদার্থ, রসায়ন , | ১৫/০১/২০২৪ | সোমবার |
| ৩ | হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা, প্রাণী,উদ্ভিদ,গণিত | ১৬/০১/২০২৪ | মঙ্গলবার |

**১। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :** আবেদনকারীকে নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের EMS সফটওয়্যারের ওয়েবসাইট এ (http://ems.nu.ac.bd/student-login) প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Submit বাটনে ক্লিক করে লগইন করতে হবে। লগইন করার পর বাম পাশের ম্যানুবার থেকে Form Fillup ম্যানুতে ক্লিক করে Apply Now বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য যেমন: পরীক্ষার বিষয়, মোবাইল নম্বর ইত্যাদি দিয়ে Submit বাটনে ক্লিক করে Pop-Up ম্যানু থেকে Form Fillup নিশ্চায়নের জন্য Yes বাটনে ক্লিক করতে হবে অন্যথায় নিশ্চায়ন না করতে চাইলে Cancel বাটনে ক্লিক করতে হবে। Form Fillup নিশ্চায়ন করা পর APPLICATION FORM ডাউনলোড করে প্রিন্ট কপি এবং পরীক্ষার নির্ধারিত ফি সহ স্ব স্ব কলেজে জমা দিতে হবে। Form Fillup এর সকল কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার পর PAYMENT STATUS পেইড (PAID) দেখাবে।

## ২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

**ক) নিয়মিত:** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

**খ) অনিয়মিত:** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

**গ) গ্রেড উন্নয়ন:** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে**। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

## বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)

### সেশন ফি ও পরীক্ষার ফি নিম্নরূপ

| ক্রমিক নং | বিষয় | পরীক্ষার ফি নিয়মিত | সেশন ফি | মোট | পরীক্ষার ফি অনিয়মিত | সেশন ফি | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান,সমাজকর্ম,অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ২৮০০ | ২৭০৫ | ৫৫০৫ | ৩১০০ | ২৭০৫ | ৫৮০৫ |
| ০২ | রসায়ন | ৩৩৫০ | ২৭০৫ | ৬০৫৫ | ৩৬৫০ | ২৭০৫ | ৬৩৫৫ |
| ০৩ | উদ্ভিদ, পদার্থবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত | ২৯৫০ | ২৭০৫ | ৫৬৫৫ | ৩২৫০ | ২৭০৫ | ৫৯৫৫ |

### অকৃতকার্য ও মানউন্নন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি:

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড উন্নয়ন | ১০৫০/- | ১৩০০/- | ১৫৫০/- | ১৮০০/- | ২০৫০/- | ২৩০০/- |

**বিশেষ দ্রষ্টব্য : Conditional Promoted (c- Promoted) পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত ফি এর পর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা জমা দিতে হবে এবং ফরমের সাথে ২য় বর্ষের ফলাফল এর কপি অবশ্যই জমা দিতে হবে।**

**২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**

**২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমপূরণ ফি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ও কেন্দ্র ফি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা এবং ব্যবস্থাপনা ফি ৫০/- (পঞ্চাশ) টাকা সহ সর্বমোট ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা অনলাইনে প্রদান করে শুধুমাত্র ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।**

**(প্রয়োজনে : ০১৬২১৬৩৫৪৭৫)।**

**ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি :**

**শিক্ষার্থীদের করণীয় : নিয়মিত,অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের** ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)''এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশানে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে।

(টাকার পরিমাণ গড়মিল পরীলক্ষিত হলে ফরম বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।)

**পরীক্ষার্থীদের জন্য করণীয় :**

***** Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিষ্ট্রেশন কার্ড ও টাকা জমাদানের প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।**

বিশেষ দ্রষ্টব্য : কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কোন অসুবিধার কারণে ফরম পূরণে ব্যর্থ হলে কলেজের অধ্যক্ষ অথবা স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধানের অনুমতি নিয়ে অনলাইনে টাকা পেমেন্ট করার জন্য নির্দেশ দেয়া হলো।

০৮/০৩/২৪

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ,ফেনী

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী।